


# যুগান্তর

ভর্তি পরীক্ষায় জালিয়াতি

## ঢাবির ৬৯ শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

প্রকাশ : ০৭ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মান ১ম বর্ষের ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে ৬৯ শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে।

পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও জালিয়াতির মামলায় এসব শিক্ষার্থী পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) চার্জশিটভুক্ত আসামি।

২০১২-১৩ শিক্ষাবর্ষ থেকে ২০১৭-১৮ শিক্ষাবর্ষ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া এই ৬৯ শিক্ষার্থীকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হবে এবং সাতদিনের মধ্যে জবাব দিতে বলা হবে। পরবর্তীতে তাদের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে মঙ্গলবার অনুষ্ঠিত শৃঙ্খলা পরিষদের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার সিদ্ধান্তের বিষয়ে পরিষদের সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. একেএম গোলাম রাব্বানী যুগান্তরকে বলেন, এই চক্রটিকে ধরতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দীর্ঘদিন ধরে কাজ করে আসছিল। তারই ফলস্বরূপ তথ্য-প্রমাণের ভিত্তিতে তাদের বিষয়ে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এরা সবাই সিআইডির চার্জশিটভুক্ত আসামি। কারণ দর্শানোর নোটিশের উত্তর পাওয়ার পর বিষয়টি সিন্ডিকেটে যাবে। চূড়ান্ত সিদ্ধান্তের পর এদের নামের তালিকা প্রকাশ করা হবে।

এর আগে গত ২৩ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও জালিয়াতির সঙ্গে জড়িত থাকার অভিযোগে বিশ্ববিদ্যালয়টির ৮৭ জন শিক্ষার্থীসহ ১২৫ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দেয় সিআইডি।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন এবং পাবলিক পরীক্ষা আইনে পৃথক দুটি অভিযোগপত্র দেয়া হয়। এরপর প্রশ্নপত্র ফাঁসের মামলায় ২৬ জুন ৭৭ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন ঢাকা মহানগর হাকিম সরাফুজ্জামান আনসারী।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।